



এক নজরে গত মাসের কার্যক্রম

- ❑ ১৪টি নিয়মিত অডিও প্রোগ্রাম।
- ❑ যোগাযোগ দক্ষতা ও সামাজিক সমন্বয়ের উপর ৩টি আলাপচারিতা।
- ❑ জেলেনদের জীবনযাত্রা এবং শিশুদের অধিকার বিষয়ক ২টি ম্যাগাজিন।
- ❑ জনসাধারণের পরিসেবা ও সামাজিক সমস্যাগুলির উপর ১২টি পিএসএ।

রেডিও সৈকতের পথচলার এক বছর

পহেলা জুন রেডিও সৈকতের পথচলার এক বছর পূর্ণ হয়। ‘তারুণ্যের কণ্ঠস্বর আমাদের এগিয়ে চলার প্রেরণা’ এই স্লোগানকে সামনে রেখে সকাল ১০ টায় জেলা প্রশাসনের কার্যালয়ের সামনে এক র্যালি ও সমাবেশের আয়োজন করা হয়। র্যালিটি জেলা প্রশাসনের কার্যালয় থেকে শুরু হয়ে শহীদ মিনারে গিয়ে শেষ হয়।



বর্ষপূর্তি র্যালি, জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে। ১ জুন, ২০২৩।

তাছাড়া বিকাল ৪ টায় রেডিও সৈকতের কার্যালয়ে বর্ষপূর্তি অনুষ্ঠান পালন করা হয়। অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসকের নেতৃত্বে একটি প্রতিনিধি দল, উপদেষ্টা কমিটির সদস্যগণ এবং বিভিন্ন গণমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। অতিরিক্ত জেলা প্রশাসক বিভীষণ কান্তি দাশ কেব ক্যাটার মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন এবং রেডিও সৈকতের স্লোগানের প্রশংসা করেন এবং রেডিও সৈকতের সার্বিক কল্যাণ কামনা করেন।

তিনি আরো বলেন, রেডিও সৈকত সাধারণ মানুষের জন্য সরকারের দেয়া জনকণ্যাণমূলক অনুষ্ঠান এবং সুস্থ সংস্কৃতির প্রচার করতে পারে বলে অভিমত প্রকাশ করেন।

অনুষ্ঠানে উপস্থিত সকলকে সম্মাননা স্বরূপ রেডিও সৈকতের পক্ষ থেকে একটি ক্রেস্ট প্রদান করা হয়।

শুভেচ্ছাবাণী



শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার মোঃ মিজানুর রহমান রেডিও সৈকত সম্পর্কে বলেন, যেখানে সোস্যাল মিডিয়াতে এক ধরনের মিস ইনফরমেশন রয়েছে কিন্তু কমিউনিটি রেডিওগুলো যখন তথ্য দেয় তখন সেখানে ডিসইনফরমেশনের কোন সুযোগ থাকেনা। তথ্যগুলো বাস্তবভিত্তিক হয়। তিনি রেডিও সৈকতের জন্য শুভকামনা জানান।



প্রাপ্তি

সমাজ পরিবর্তন নিয়ে যুব সমাজের ভূমিকা নিয়ে বিশেষ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করেছিল রেডিও সৈকত।



টকশোর অতিথি শারমিন আক্তার মণি ও মিজানুর রহমান, ১০ জুন ২০২৩, ক্যামেরায় সাদিয়া নিপা।

সেইখানে উপস্থিত ছিলেন, volunteers for Bangladesh এর প্রাক্তন সভাপতি শারমিন আক্তার মণি এবং প্রত্যাশা ফাউন্ডেশনের সভাপতি মিজানুর রহমান। তারা বর্তমান সময়ে যুবকরা মাদকাসক্ত হয়ে যাচ্ছে এবং কিভাবে তাদের এই অবস্থা থেকে বেরিয়ে আনা যায় তা সম্পর্কে জানান। যারা পড়ালেখার পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজ বা পার্ট টাইম বাজ করেন তারা যেন তাদের সময়কে ভাগ করে কোন সময় কি করবে তা ডায়েরিতে লিখে রাখা সেই বিষয়ে পরামর্শ দেন। এই আলাপচারিতা রেডিও সৈকতের ফেইজবুক পেইজে আপলোড করা হয়। এই অনুষ্ঠানটি ৪.১ হাজার মানুষ এবং ১৩৬ জন মানুষ লাইক, ৩২

কমেন্ট এবং ৩১জন মানুষ শেয়ার করেছেন। যা কমিউনিটি রেডিও সৈকতের জন্য বড় প্রাপ্তি।

এগিয়ে যাওয়া



টকশোর অতিথি শাকিলা আকতার ও এলি বড়ুয়া, ১৭ জুন ২০২৩, ক্যামেরায় সাদিয়া নিপা।

কিশোরীদের ঋতুশ্রাবকালীন করণীয় নিয়ে বিষয়ে বিশেষ আলাপচারিতা অনুষ্ঠানে তথ্যবহুল পরামর্শ দিয়েছেন জনাব শাকিলা আকতার-মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল কক্সবাজার, সেই সাথে উপস্থিত ছিলেন জনাব এলি বড়ুয়া-সিনিয়র শিক্ষক, কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। জনাব শাকিলা আক্তার বলেন, সমাজসচেতন এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার যেই ধরনের ইস্যু আছে সেইগুলো রেডিও সৈকত তুলে নিয়ে আসে। আমরা অত্যন্ত আনন্দিত যে, ঋতুশ্রাবকালীন করণীয় বিষয় তুলে ধরার জন্য। তিনি আরো বলেন সবার ঘরে কিশোরী, প্রাপ্ত বয়স্ক বা পূর্ণ বয়স্ক নারী থাকে

এবং সবার ঘরে প্রজননক্ষম নারী রয়েছে। নারীদের প্রজনন স্বাস্থ্য ও ঋতুশ্রাবকালীন বিষয় নিয়ে আসলে আমাদের সমাজে কম আলোচনা হয়। যার জন্য এটি একটি অবহেলিত বিষয়। আপনারা আপনাদের কাজের ধারাবাহিকতা বজায় রেখেছেন।

রেডিও সৈকত সুন্দর ও সভ্য সমাজ গড়ে তুলার লক্ষ্যে সমাজের গোড়ামিগুলোকে সমাজ থেকে বিতাড়িত করার জন্য সময় উপযোগী বিষয়গুলো মানুষের জন্য তুলে ধরে সামনের দিকে এগিয়ে যাচ্ছে।

ছবি কথা বলে



রেডিও সৈকতের এক বছর পূর্তি উপলক্ষে র্যালিতে উপস্থিত শাকী এ কাউসার বলেন, রেডিও সৈকত যে লক্ষ্য ও চিন্তা নিয়ে কাজ শুরু করেছিল তা ধারাবাহিকভাবে বাস্তবায়ন করে আসছে। তিনি রেডিও সৈকতকে শুভকামনা জানান।

শ্রোতা মতামত

১. নুনিয়ার ছড়ার গৃহিণীক্লাবের সদস্যরা বলেন, তারা প্রায় সবাই শুটকি ব্যবসা করেন। তারা সবসময় রেডিও সৈকত থেকে আবহাওয়া আপডেট পেয়ে থাকেন এবং সেই অনুযায়ী শুটকি শুকানো এবং সংরক্ষণের কাজ করে থাকেন। তিনি আরো বলেন, তারা রেডিও সৈকত থেকে প্রতিবন্ধী সরকারি সেবা সম্পর্কে জানতে পারেন। যার মাধ্যমে তারা উপকৃত হয়েছেন।
২. সমিতিপাড়ার শ্রোতাক্লাবের সদস্যরা বলেন, তারা রেডিও সৈকতের স্বাস্থ্য বিষয়ক প্রোগ্রাম থেকে স্বাস্থ্য সম্পর্কে অজানা বিষয়ে নানা তথ্য জানতে পারছেন। যা তাদের স্বাস্থ্য বিষয়ে সতর্ক হতে সাহায্য করছে।

যোগাযোগ-

www.radiosaikat.net

www.facebook.com/radiosaikat

www.coastbd.net

